

## প্রবৃদ্ধিতে এভিয়েশন-পর্যটন:বাড়ছে আকাশপথের পরিধি

- A Monitor Desk Report

Date: 30 November, 2021



বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী বলেছেন, জননেত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে দ্রুত প্রবৃদ্ধি লাভ করছে দেশের এভিয়েশন ও পর্যটন শিল্প। এ দুটি শিল্পে বেড়েছে বিনিয়োগ। উন্নয়ন ও সমৃদ্ধির মধ্য দিয়ে বাড়ছে দেশের আকাশপথের পরিধি।

সোমবার ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভিডিআইপি টার্মিনালের অপেক্ষাগারে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আয়োজিত 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বাংলাদেশের অর্জন' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। প্রতিমন্ত্রী বলেন, সারাদেশে বিমান পরিবহন অবকাঠামোর যুগোপযোগী উন্নয়ন ও সম্প্রসারণের কাজ চলছে। প্রধানমন্ত্রীর ঐকান্তিক আগ্রহে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স আজ ২১টি অত্যাধুনিক উড্ডোজাহাজ সমৃদ্ধ বহরের অধিকারী। দেশের পর্যটন শিল্পের গুণগত মান উন্নয়নের জন্য চলছে পর্যটন মহাপরিকল্পনা প্রণয়নের কাজ।

তিনি বলেন, স্বাধীনতা থেকে শুরু করে গত ৫০ বছরে বাংলাদেশের যা কিছু মহান অর্জন তার সবই এসেছে বঙ্গবন্ধু ও তার কন্যা শেখ হাসিনার হাত ধরে। স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের দিয়েছেন স্বাধীন দেশ। আর প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা পেয়েছি উন্নয়নশীল বাংলাদেশ।

মাহবুব আলী বলেন, প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্বের কাছে উন্নয়নের রোল মডেল। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে সোনার বাংলার স্বপ্ন দেখেছিলেন; সেই স্বপ্ন আজ বাস্তবায়িত হচ্ছে তারই কন্যার নেতৃত্বে।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) সদস্য (প্রশাসন) মো. মিজানুর রহমানের সভাপতিত্বে সেমিনারে মুখ্য আলোচক ছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরের কিউরেটর ও সাবেক সচিব মো. নজরুল ইসলাম খান।

